৭৮

তারিখ 27 MAY 1993
পৃষ্ঠা 2 কলাম ৬

আজকের কাগজ

লেদার টেকনোলজি ছাত্র সংসদের অভিষেকে

# স্বনির্ভরতার জন্যে কারিগরি শিক্ষার প্রসার ঘটাতে হবে

**কাগজ প্রতিবেদক :** দেশকে স্বনির্ভর করতে হলে কারিগরি ও প্রযুক্তিগত শিক্ষার প্রসার ঘটাতে হবে। কলেজ অব লেদার ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি'র ছাত্র সংসদের অভিষেক অনুষ্ঠানে আজকের কাগজের বার্তা সম্পাদক রেজা আরেফীন এ কথা বলেন। সমস্যা জর্জরিত কলেজটির দৈন্যদশার কথা উল্লেখ করে তিনি বলেন, সম্ভাবনাময় চামড়া শিল্পের উন্নত প্রযুক্তির একমাত্র শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় স্বার্থেই উন্নত প্রযুক্তিবিদ তৈরির পরিবেশ ও ব্যবস্থা রাখতে হবে।

প্রধান অতিথির ভাষণে ডঃ মাজহারুল ইসলাম বলেন, প্রতিষ্ঠানটি কখনো সঠিক সহায়তা পায়নি। কারিগরি শিক্ষার মাধ্যমেই জাতীয় উন্নয়ন নিশ্চিত করা সম্ভব। এ জন্যেই প্রতিষ্ঠানকে সঠিক সহায়তা দিতে হবে।

সাংসদ রাশেদ মোশাররফ প্রতিষ্ঠানটির উন্নয়নে নবনির্বাচিত ছাত্র সংসদকে সকল প্রকার সাহায্য-সহযোগিতার প্রতিশ্রুতি ব্যক্ত করেন।

কলেজ অধ্যক্ষ ও ছাত্র সংসদের সভাপতি শফিকুত উল্লাহর সভাপতিত্বে অনুষ্ঠিত অভিষেক অনুষ্ঠানে ছাত্রলীগ (ম-ই) সভাপতি মইনুদ্দিন হাসান চৌধুরী ছাত্র সংসদের নব নির্বাচিত কর্মকর্তাদের অভিনন্দন জানিয়ে কলেজের তথা ছাত্র সমাজের দাবি-দাওয়া আদায়ে নিরন্তর সংগ্রামের জন্যে তাদের প্রতি আহবান জানান। ছাত্র সংসদের পক্ষে সহ-সভাপতি হাসান মহিউদ্দিন অরুন ও সাধারণ সম্পাদক সুজাউল করিম নিপু সংবর্ধনার জবাবে বক্তৃতা করেন। ছাত্র সংসদকে অভিনন্দন জানিয়ে বক্তব্য রাখেন সাবেক ছাত্র সংসদের পক্ষে সাবেক ভিপি আঃ সালাম ও সাধারণ ছাত্রদের পক্ষে রেদোয়ান বিল্লাহ।

কলেজের ছাত্র-ছাত্রীদের সমস্যার কথা বলতে গিয়ে ভিপি হাসান মহিউদ্দিন অরুন বলেন, সেশন জট এতোই প্রকট হয়েছে যে, তিন বছরের কোর্স ৭ বছরেও শেষ হচ্ছে না। শিক্ষকের অভাবে নিয়মিত ক্লাস হচ্ছে না।